

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৪ সেপ্টেম্বর, ২০১৬।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : কর্মীদের পারিবারিক অনুষ্ঠানে সংস্থার পক্ষ থেকে অংশগ্রহন, সংস্থার পক্ষ থেকে বিদায়ী কর্মীদের ক্রেস্ট প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনাদের সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, ব্যবস্থাপনার সিদ্ধান্ত অনুযায়ী কর্মীদের পারিবারিক অনুষ্ঠানে সংস্থার পক্ষ থেকে অংশগ্রহন, সংস্থার পক্ষ থেকে বিদায়ী কর্মীদের ক্রেস্ট প্রদান বিষয়ে নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহন করার জন্য অনুরোধ করা হলো:-

১. কর্মীদের পারিবারিক অনুষ্ঠানে (কর্মী বা সন্তানের বিবাহ) সংস্থার পক্ষ থেকে অংশগ্রহন:

- ক. টিমলিডার সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী/প্রকল্প সমন্বয়কারীগণের সাথে আলোচনা সাপেক্ষে সর্বোচ্চ তিনজন সহকর্মীকে অংশগ্রহনের জন্য মনোনীত করবেন।
- খ. সংস্থার পক্ষ হতে সর্বোচ্চ ২,৫০০/- (দুই হাজার পাঁচ হাজার টাকা মাত্র) টাকার উপহার সামগ্রী প্রদান করা যাবে। এক্ষেত্রে সংসারে প্রয়োজনীয় পন্যের বিষয় বিবেচনা করতে হবে। উল্লেখিত টাকা আঞ্চলিক অপারেশনাল হিসাব হতে প্রদান করা হবে। এ জন্য পরিচালক/নির্বাহী পরিচালক থেকে পূর্বেই লিখিত/ফোনে/ই-মেইলে অনুমোদন নিতে হবে।
- গ. সংস্থার কোন কর্মীর বিবাহ বা পারিবারিক কোন অনুষ্ঠান, জন্মদিন, অথবা অন্যান্য যে কোন প্রেক্ষিতে কর্মীদের নিকট হতে কোন প্রকার চাঁদা বা ফি বাবদ কোন টাকা নেয়া যাবে না। অন্যথায় এ প্রক্রিয়ায় জড়িত কর্মীগণ প্রশাসনিক ব্যবস্থার আওতাধীন হবেন।

২. সংস্থার পক্ষ থেকে বিদায়ী কর্মীদের ক্রেস্ট প্রদান:

- ক. সংস্থায় কমপক্ষে ৫ বছর কাজ করেছেন এমন কোন কর্মী সংস্থা ছেড়ে যাওয়ার সময় সংস্থা কর্তৃক নির্ধারিত একটি ক্রেস্ট প্রদান করা যাবে। তবে এর জন্য কোন বিদায় অনুষ্ঠান (Farewell) করা যাবে না।
- খ. ক্রেস্ট দেয়ার জন্য কর্মী নির্বাচনের ক্ষেত্রে যে বিষয়সমূহ বিবেচনায় আনতে হবে সেগুলো হলো-তিনি দক্ষতার সহিত কাজ করেছেন, সংস্থার কাজের প্রতি নিষ্ঠাবান ও আন্তরিক ছিলেন। প্রাথমিক নির্বাচনের পর পরিচালক/নির্বাহী পরিচালক থেকে পূর্বেই লিখিত/ফোনে/ই-মেইলে অনুমোদন নিয়ে ক্রেস্ট প্রদান করতে হবে।
- গ. কোন কর্মী বা অফিস প্রধান বিদায় অনুষ্ঠান করেন তাহলে তার বা তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩. এ সাকুলারটি অনতিবিলম্বে কার্যকর করা হবে এবং আগামী ১০ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে এবং পরবর্তীতে তা যথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে।
৪. অত্র সাকুলারের সাথে কেউ দ্বিমত পোষণ করলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যেকোন মাধ্যমে আগামী ১০ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে



সনত কুমার ভোঁমিক

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস ফাইল।